



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ
সহকারী প্রকৌশলীর কার্যালয়
বীরগঞ্জ জোন, দিনাজপুর

কৃষিই সমৃদ্ধি
ফোন : ০৫৩২৩৭২৩০৯
ই-মেইল : ae_birgonj_dinaj@bmda.gov.bd

স্মারক নং-বিএমডিএ/সহঃ প্রকৌঃ/বীরগঞ্জ/সেচ কমিটি/ ২০২৩/৬২৬

তারিখ : ২৮/০৯/২০২৩

বিজ্ঞপ্তি

বিষয় : অগভীর নলকূপ/গভীর নলকূপ স্থাপনের লাইসেন্স প্রদানের আবেদন পত্র গ্রহণ প্রসঙ্গে


এতদ্বারা দিনাজপুর জেলাধীন বীরগঞ্জ উপজেলার সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষিকাজে ভূ-গর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালা মোতাবেক অগভীর নলকূপ/গভীর নলকূপ স্থাপনের নিমিত্তে লাইসেন্স প্রদানের জন্য নির্ধারিত ফরমে আবেদন পত্র গ্রহণ করা হচ্ছে। আবেদন পত্র বিনামূল্যে সদস্য সচিব, উপজেলা সেচ কমিটি, বীরগঞ্জ ও সহকারী প্রকৌশলী, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) এর কার্যালয়ে পাওয়া যাবে। এছাড়া <http://bmda.birgonj.dinajpur.gov.bd> ওয়েব পোর্টালে ডাউন লোড করে দাখিল করা যাবে। সঠিক ভাবে পূরণকৃত আবেদন পত্র ব্যাংক জমা স্লিপসহ চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বীরগঞ্জ মহোদয়ের দপ্তরে জমাদান করার জন্য অনুরোধ করা হলো। লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নিম্ন বর্ণিত নির্দেশাবলী প্রযোজ্য।

লাইসেন্স গ্রহণের জন্য স্থান নির্বাচনের উপযুক্ততা :

- ১। অগভীর নলকূপের ক্ষেত্রে পার্শ্ববর্তী নিকটতম বিদ্যুতায়িত অগভীর নলকূপ হতে ন্যূনতম দূরত্ব ২৫০ মিটার বা ৮২০ ফুট এবং বিদ্যুতায়িত ও সোলার চালিত গভীর নলকূপ হতে ৫০০ মিটার বা ১৬৪০ ফুট।
- ২। গভীর নলকূপের ক্ষেত্রে পার্শ্ববর্তী নিকটতম অগভীর নলকূপ হতে ন্যূনতম দূরত্ব ৫০০ মিটার বা ১৬৪০ ফুট এবং গভীর নলকূপ হতে ৮০০ মিটার বা ২৬২৪ ফুট।
- ৩। প্রবাহমান নদী হতে নির্ধারিত দূরত্ব ন্যূনতম পক্ষে বেড়ি বাঁধের মধ্যে নয় এবং নদী ভাঙ্গন কবলিত এলাকা নয়।
- ৪। আবাদী জমির পরিমাণ অগভীর নলকূপের ক্ষেত্রে ৬ হেক্টর এবং গভীর নলকূপের ক্ষেত্রে ২৪ হেক্টর।
- ৫। একই নামে একাধিক লাইসেন্স গ্রহণ নিরুৎসাহিত করা হলো।
- ৬। সমষ্টিগত সেচ ব্যবস্থাপনার লক্ষ্যে গ্রুপ/সমিতি ভিত্তিক গভীর নলকূপ/অগভীর নলকূপ স্থাপন গুরুত্বপূর্ণ হিসেবে বিবেচিত হবে।
- ৭। জমির মালিকের নামে আবেদন দাখিল করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ওয়ারিশান সনদ সহ আবেদন করা যাবে। জমির মালিকানা সংক্রান্ত বর্তমান (হাল নাগাদ) কাগজ পত্র দাখিল করতে হবে। লাইসেন্স প্রদানের পর জমির মালিকানা বিষয়ক তথ্য ভুল/জাল প্রমানিত হলে লাইসেন্স বাতিল বলে গণ্য হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৮। ত্রুটিপূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

আবেদন পত্র গ্রহণের সময়সূচি :

- ১। আবেদন পত্র গ্রহণের সময় ০১/১০/২০২৩ তারিখ হতে ৩১/১০/২০২৩ তারিখ পর্যন্ত। নির্ধারিত সময়ের পরে দাখিলকৃত আবেদন পত্র গ্রহণযোগ্য নয়।


(আবু সাদাত মুহাম্মদ সায়েম)
সহকারী প্রকৌশলী
বিএমডিএ, বীরগঞ্জ জোন

ও
সদস্য সচিব

উপজেলা সেচ কমিটি, বীরগঞ্জ, দিনাজপুর

সদস্য অবগতির জন্য অনুলিপি :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বীরগঞ্জ, দিনাজপুর
- ২। উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ ও সভাপতি, উপজেলা সেচ কমিটি, বীরগঞ্জ, দিনাজপুর
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বীরগঞ্জ ও সভাপতি, কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি, বীরগঞ্জ, দিনাজপুর
- ৪। উপজেলা কৃষি অফিসার, বীরগঞ্জ ও সদস্য, উপজেলা সেচ কমিটি, বীরগঞ্জ, দিনাজপুর
- ৫। ডেপুটি জেনারেল ম্যানেজার, দিপবিস-১, বীরগঞ্জ জোনাল অফিস, বীরগঞ্জ ও সদস্য, উপজেলা সেচ কমিটি, বীরগঞ্জ, দিনাজপুর
- ৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ,.....(সকল) বীরগঞ্জ, দিনাজপুর
- ৭। অফিস কপি/নোটিশ বোর্ড।

সদস্য অবগতির জন্য অনুলিপি :

- ১। নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, দিনাজপুর রিজিয়ন, দিনাজপুর
- ২। সিনিয়র জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১, দিনাজপুর